

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ  
(আইসিটি শাখা)

[www.naogaon.gov.bd](http://www.naogaon.gov.bd)



স্মারক নং-০৫.৪৩.৬৪০০.১২০.০২.০০২.২১-২৩

তারিখঃ ২৬/১০/১৪২৭ বঙ্গাব্দ  
০২/১০/২০২১ খ্রিস্টাব্দ


বিষয়ঃ বিভাগীয় ইনোভেশন টিমের সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ।

সূত্রঃ বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী এর ০১/০২/২০২১ তারিখের ০৫.৪৩.০০০০.১১৭.০২.০০১.২১-৫ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে বিভাগীয় ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত নওগাঁ জেলার প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল।

ক্রঃ	আলোচনার বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন প্রতিবেদন
১	২	৩	৪
১.	জেলা ভিত্তিক উদ্ভাবন	ক) জেলা ইনোভেশন টিম তাদের ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় যে সকল উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করেছেন তার জেলা ভিত্তিক তালিকার সফট কপি এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। (প্রকল্পের নাম বাস্তবায়নকারীর নাম, পদবী ও মোবাইল নং সহ) খ) আগামীতে ইনোভেশন শোকেসিং এর জন্য উদ্ভাবনী পাইলট প্রকল্পগুলো প্রস্তুত রাখার পাশাপাশি সকল প্রস্তুতি এখন থেকেই সম্পন্ন করতে হবে।	ক) জেলা ইনোভেশন টিম তাদের ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় যে সকল উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করেছেন তার জেলা ভিত্তিক তালিকা প্রস্তুত করার কাজ চলমান রয়েছে। খ) উদ্ভাবনী পাইলট প্রকল্পগুলো প্রস্তুত রাখার সকল প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে।
২.	উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন ও মনিটরিং	ক) উদ্ভাবনী উদ্যোগগুলো নিয়মিত পরিদর্শন ও মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে। খ) সফলভাবে সম্পন্নকৃত উদ্যোগ বাস্তবায়নকারীদের ডিও পত্র প্রদান অব্যাহত রাখতে হবে।	ক) উদ্ভাবনী উদ্যোগগুলো নিয়মিত পরিদর্শন ও মনিটরিং কার্যক্রম অব্যাহত রয়েছে। খ) সফলভাবে সম্পন্নকৃত উদ্যোগ বাস্তবায়নকারীদের ডিও পত্র প্রদান অব্যাহত রয়েছে।
৩.	জেলা ইনোভেশন টিমের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা	ক) জেলা ইনোভেশন টিমের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে হবে। খ) ইনোভেশন কর্ণারে তথ্য হালানাগাদ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। গ) জেলা ইনোভেশন টিমের অর্ধবার্ষিক অগ্রগতির প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণপূর্বক এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	ক) জেলা ইনোভেশন টিমের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। খ) ইনোভেশন কর্ণারে তথ্য হালানাগাদ কার্যক্রম অব্যাহত রয়েছে। গ) জেলা ইনোভেশন টিমের অর্ধবার্ষিক অগ্রগতির প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণপূর্বক বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ করা হবে।

৪.	ইনোভেশন টিমের সভা	প্রতি মাসে জেলা ও উপজেলায় ইনোভেশন টিমের সভা নিশ্চিতকরণসহ কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগে ও এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	প্রতি মাসে জেলা ও উপজেলায় ইনোভেশন টিমের সভা নিশ্চিতকরণসহ কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগে ও বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ করা হবে।
৫.	মাসিক উন্নয়ন সমন্বয় সভায় ইনোভেশন সংক্রান্ত আলোচনা	উন্নয়ন সমন্বয় সভায় প্রতিটি বিভাগের কি কি উদ্ভাবনী কার্যক্রম রয়েছে তা নিয়ে আলোচনা করতে হবে।	উন্নয়ন সমন্বয় সভায় প্রতিটি বিভাগের উদ্ভাবনী কার্যক্রম নিয়ে নিয়মিত আলোচনা করা হয়ে থাকে এবং ভবিষ্যতেও তা অব্যাহত থাকবে।
৬.	ওয়েবপোর্টাল হালনাগাদ	ক) প্রতিটি দপ্তরের ওয়েব পোর্টালে তথ্য নিয়মিত হাল নাগাদ নিশ্চিত করতে হবে এ বিষয়ে প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার এর সহায়তা নিতে হবে। খ) এ বিষয়ে জেলা প্রশাসক, সিরাজগঞ্জ এর মতো কয়েকটি টিম করে গঠন করে তদারকি করা যেতে পারে।	ক) প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার এর সহায়তায় প্রতিটি দপ্তরের ওয়েব পোর্টালের তথ্য নিয়মিত হালনাগাদকরণ নিশ্চিত করা হয়েছে।
৭.	ইনোভেশন শোকেসিং- ২০২০	ইনোভেশন শোকেসিং-২০২০ এর উদ্ভাবনী উদ্যোগগুলো জেলা প্রশাসক ও দপ্তর প্রধান কর্তৃক নিয়মিত তদারকি করার পাশাপাশি অন্যান্য জায়গায় তা রিপ্লিকেট করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।



(মোঃ হারুন-অর-রশীদ)

জেলা প্রশাসক

নওগাঁ।

দূরালোপনীঃ +৮৮-০৭৪১-৬২৫২৩ (দপ্তর)

+৮৮-০৭৪১-৬২৪২২ (বাংলো)

ই-মেইলঃ [dnaogaon@mopa.gov.bd](mailto:dnaogaon@mopa.gov.bd)

বিভাগীয় কমিশনার

রাজশাহী বিভাগ

রাজশাহী।

[দৃষ্টি আকর্ষণঃ সহকারী কমিশনার, উন্নয়ন ও আইসিটি শাখা]